

PRESS CLIP

Publication:- Kolkataprimetime.com (http://www.kolkataprimetime.com/newsDetails/market-sanitize_7960)

Date: - 23rd April 2020

Page :-Online

The Bengal Chamber adopted Gariahat ,Jodhpur Park & Bansdroni Markets in the sanitizing drive of Government of West Bengal against COVID-19

বাঁশদ্রোণী বাজারে স্যানিটাইজ করল বনিকসভা

2020-04-23 16:46:04



নিজস্ব প্রতিনিধিঃ মুখ্যমন্ত্রী শ্রীমতি মমতা বন্দ্যোপাধ্যায় এর নির্দেশ অনুসারে বনিকসভা দ্য বেঙ্গল চেম্বার অ্যান্ড ইন্ডাস্ট্রি দক্ষিণ কোলকাতার দুটি বাজার, গড়িয়াহাট এবং যোধপুর পার্ক বাজার- স্যানিটাইজ করবার দায়িত্ব পালন করার পর তারা বাঁশদ্রোণী বাজার স্যানিটাইজ করবার দায়িত্ব পেয়েছিল। বনিকসভার তরফ থেকে জানানো হয়, তারা বাঁশদ্রোণী বাজারের সংশ্লিষ্ট নেতাজী নগর থানার সাথে যৌথ উদ্যোগে প্রয়োজনীয়

জিনিসপত্র বাঁশদ্রোণী বাজারের বিক্রেতাদের প্রদান করেন। পয়লা বৈশাখে স্যানিটাইজেশনের-এর কাজ হয় যোধপুর পার্ক বাজার ও গড়িয়াহাট বাজারে। এদিন বাঁশদ্রোণী বাজারে উপস্থিত ছিলেন বনিকসভার প্রেসিডেন্ট ডেজিগনেট শ্রী দেব এ মুখার্জি, ডিরেক্টর জেনারেল শুভদীপ ঘোষ, ডেপুটি ডিরেক্টর জেনারেল স্মরজিত পুরকায়স্থ, বোরো চেয়ারম্যান ও পৌর প্রতিনিধি তপন দাশগুপ্ত, নেতাজী নগর থানার ওসি সুভাষ অধিকারী। দেব এ মুখার্জি বলেন, "আমরা একটি দায়িত্বশীল বনিকসভা, সামাজিক কর্তব্য গুলিকে আমাদের চেম্বারের ক্রিয়াকলাপের একটি অবিচ্ছেদ্য অঙ্গ হিসাবে বিবেচনা করি। রাজ্য সরকারের সাথে এই মহামারী মোকাবিলার কাজে সহায়তা করতে আমরা কিছুটা চেষ্টা করছি। বাজারগুলি গ্রহণ করে তাদের নিরবচ্ছিন্ন পরিষেবা পরিচালনায় সহায়তা করা চেম্বার হিসাবে আমাদের একটি দায়িত্ব।" শুভদীপ ঘোষ বলেন, "আমরা বাজার কমিটিগুলিতে যোগাযোগ করে আমাদের দিক থেকে সর্বতো ভাবে সাহায্য করছি এবং যখনই প্রয়োজন হবে তাদের প্রয়োজনীয় সামগ্রী আমরা সরবরাহ করবো। চেম্বারের তরফ থেকে পুলিশ কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে প্রয়োজন অনুযায়ী বাজার গুলিতে হ্যান্ড স্যানিটাইজার এবং মাস্ক, গ্লাভস, থার্মাল গান সরবরাহ করা হয়েছে।"